



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

www.mofl.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.২৩.০১০.২১.২৭৬

তারিখ: ২ ভাদ্র ১৪২৮

১৭ আগস্ট ২০২১

বিষয়: 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১'- এর জন্য মনোনয়ন/আবেদনপত্র আহ্বান প্রসঙ্গে।

সূত্র: ৫৬.০০.০০০০.০৫৪.২৩.০০১.২১.১৪১ ০৪ আগস্ট ২০২১

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উদ্বাপন উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১' প্রদানের নিমিত্ত মনোনয়ন/আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। মনোনয়ন/আবেদনপত্র দাখিল ও বাছাইয়ের তফসিল নিম্নরূপ:

পর্যায়	সময়সীমা
মনোনয়ন/আবেদনপত্র আহ্বান	২৭/০৭/২০২১
জেলা পর্যায়ের বাছাই কমিটি ও কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট আবেদন দাখিল	২৭/০৮/২০২১
জেলা পর্যায়ের বাছাই কমিটি ও কেন্দ্রীয় বাছাই কমিটি কর্তৃক আবেদন যাচাই-বাছাই	২০/০৯/২০২১
কেন্দ্রীয় বাছাই কমিটি কর্তৃক জেলা পর্যায়ে ও কেন্দ্রীয় পর্যায়ে প্রাপ্ত বাছাইকৃত আবেদনসমূহ হতে পুরস্কারের জন্য সুপারিশ	৩০/০৯/২০২১
সুপারিশকৃত আবেদনসমূহ 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র নিকট প্রেরণ	১০/১০/২০২১
পুরস্কার প্রদান	১২/১২/২০২১

২। এমতাবস্থায়, উল্লিখিত পর্যায় ও সময়সূচি অনুযায়ী ২০২০ (জানুয়ারি-ডিসেম্বর) সালের কর্মকান্ড বিবেচনাপূর্বক 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১' প্রদানের লক্ষ্যে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১' অনুসারে নিম্নোক্ত শর্তাবলি পরিপালন সাপেক্ষে আগামী ২৭/০৮/২০২১ তারিখের মধ্যে কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট আবেদন দাখিল/মনোনয়ন প্রস্তাব (সফটকপিসহ word ও pdf ফাইলে ই-মেইল (dbd2021@doict.gov.bd)-এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলি:

(ক) 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১' অনুসারে মনোনয়ন প্রেরণ করতে হবে। বিশেষতঃ এ নীতিমালার ৮ ধারায় বর্ণিত মনোনয়ন প্রেরণ ও বাছাই প্রক্রিয়া সম্পর্কিত বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে; (খ) জেলা বাছাই কমিটি সাধারণ ও কারিগরি পৃথক ২টি ক্ষেত্রে সরকারি ও বেসরকারি পর্যায়ে আলাদাভাবে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান-এ তিনটি শ্রেণিতে ১টি করে মোট ১২টি প্রস্তাব বাছাইয়ের স্বপক্ষে কারণ লিপিবদ্ধ করে সুপারিশসহ কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবে; (গ) নীতিমালায় বর্ণিত মনোনয়ন ছক (সংযোজনী ক, খ ও গ) যথাযথভাবে পূরণ করতে হবে। নীতিমালায় বর্ণিত মনোনয়ন ছক (সংযোজনী ক, খ ও গ) এবং ওয়েবসাইটে প্রকাশিত মনোনয়ন ছক ব্যতীত অন্য কোনো ছক-এ মনোনয়ন/আবেদন গ্রহণ করা হবে না; (ঘ) জেলা বাছাই কমিটি কর্তৃক পূরণকৃত মনোনয়ন ছক ও জেলা বাছাই কমিটির সভার কার্যবিবরণীর হার্ডকপির পাশাপাশি সফটকপি word ও pdf ফাইলে ই-মেইল (dbd2021@doict.gov.bd)-এ প্রেরণ করতে হবে; (ঙ) ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১, মনোনয়ন ছক ও অনলাইনে আবেদন দাখিলের জন্য বিস্তারিত তথ্য জানতে [www.digitalbangladesh.gov.bd](http://www.digitalbangladesh.gov.bd) ওয়েবসাইট ভিজিট করার জন্য অনুরোধ করা হলো।

১৭-৮-২০২১

মো: আবদুর রহমান


উপসচিব

ক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.২৩.০১০.২১.২৭৬/১

তারিখ: ২ ভাদ্র ১৪২৮  
১৭ আগস্ট ২০২১

নদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



১৭-৮-২০২১

মো: আবদুর রহমান

উপসচিব